بسم الله الرحمن الرحيم

৭৮৬/৯২/৯১৭

দোয়া কিভাবে কবুল হয়?

লেখক

আল্লামা জালালুদ্দীন আব্দুর্ রহমান ইবনে আবী বাকার

সুয়ূতী রাদ্বীয়াল্লাহু আনহু

[৮৪৯-৯১১হিজরী,১৪৪৫-১৫০৫খ্রীষ্টাব্দে]

অনুবাদক

মুফতী নূরুল আরেফিন রেজবী আজহারী

[M.A(Arabic),Research(theology)

Azhar University,Cairo,Egypt;

English(Diploma)America University,Cairo]

E-mail:-quazinurularefin@gmail.com

(সদর মুফতী ওসেক্রেটারী:-মাদ্রাসা গওসিয়া রেজবীয়া রহমত বেহেশ্‌তীয়া

সহকারী শিক্ষক:-কামারহাটী শিক্ষানিকেতন উচ্চমাধ্যমিক বিদ্যালয়)

প্রকাশনায়

রেজবী অ্যাকাডেমী,রেজবী নগর ,খাঁপুর,দ:২৪পরগনা

ফোন-৯১৫৩৬৩০১২১/৯৭৩৪৩৭৩৬৫৮

পরিবেশনায়

মুসলিম বুক ডিপো,কালিয়াচক,মালদা

পুস্তকের নাম:- **দোয়া কিভাবে কবুল হয়?**

লেখক

আল্লামা জালালুদ্দীন আব্দুর্ রহমান ইবনে আবী বাকার

সুয়ূতী রাদ্বীয়াল্লাহু আনহু

অনুবাদকের নাম ও ঠিকানা-মোহাম্মাদ নূরুল আরেফিন রেজবী

গ্রাম:-দুবরাজহাট,পো:চন্ডীপুর বেড়ুগ্রাম

জেলা:-বর্ধমান,পিন -৭১৩১৪২

প্রথম প্রকাশঃ-

প্রথম প্রকাশঃ-১০ মহরম,১৪৩৭হিজরী, ২৫ অক্টোবর ২০১৬

প্রকাশ সংখ্যা-৪০০০ কপি

টাইপ সেটিং-এম এস সাক্বাফী+৯১৯৮৩২৯২৫৪০

প্রকাশনায়:-রেজবী অ্যাকাডেমী,রেজবী নগর ,খাঁপুর,দ:২৪পরগনা

পরিবেশনায়:- মুসলিম বুক ডিপো,কালিয়াচক,মালদা

হাদীয়া:-৬০ টাকা

বিশেষ সতকীকরণ

প্রকাশক কতৃক গ্রন্থ সত্ত্ব সংরক্ষিত

www.yanabi.in এ পাবেন।

সূচীপত্র

১	ভূমিকা	ক
২	ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার	ক
৩	নাম ও জন্ম	ক
৪	সূয়ুতী নামকরনের কারণ	ক
৫	সিলসিলায়ে নাসাব	ক
৬	জন্মস্থান ও বাসস্থান	খ
৭	প্রাথমিক অবস্থা	খ
৮	শিক্ষা জীবন	খ
৯	আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর নিকটে ইজাযাত	ঘ
১০	সম্মানীয় শিক্ষকগণ	ঙ
১১	ফরজ হাজ্ব আদায় ও শিক্ষকের মসনদে	চ
১২	নিরিবিলি জীবন যাপন	ছ
১৩	অসাধারণ মুখস্ত বিদ্যা	জ
১৪	ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার ইলমের গভীরতা	জ
১৫	হাদীস শরীফের খিদমাত ও ফাতাওয়া	ঝ
১৬	যমযম শরীফের বরকত	ট
১৭	লেখনীর ময়দানে ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমা	ট
১৮	সূয়ুতী আলাইহির্ রাহমার লিখিত কেতাব সমূহ	ঠ
১৯	নবীয়ে কারীম আলাইহিস সালামের খাস নিয়ামত	ড
২০	জাগ্রত হয়ে নবী পাকের দর্শন সত্তর বারেরও বেশী	ণ
২১	ইমাম সাহেবের কারামাত সমূহ	ত
২২	ইমাম সাহেবের প্রসিদ্ধ ছাত্রগণ	ধ
২৩	ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমার ঘটনা	ধ
২৪	ইন্তেকাল	ন

সূচীপত্র

১	অনুবাদ গ্রন্থ উৎসর্গ	প
২	অনুবাদকের কথা	প
৩	বিষয়	ফ
৪	যে সব ব্যক্তির দোয়া কবুল হয়ঃ-	1
৫	যে সময়ে দোয়া কবুল হয়ে থাকে	24
৬	যে যে স্থানে দোয়া মাকবুল হয়ে থাকে	48
৭	কোন কোন শব্দের দ্বারা কৃত দোয়া কবুল হয়।	52
৮	ফায়েদা	78
৯	খাতিমা	81
১০	সহযোগী পুস্তক সমূহ	84
১১	লেখকের কলমে প্রকাশিত	91
১২	একটি ঘোষণা	92

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

ভূমিকা

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাতু ওয়ার্ রিদ্বওয়ানের জীবনী

নাম-তাঁর আসল নাম আব্দুর্ রহমান। **উপনাম**-আবুল ফযল। **উপাধি**-জালালুদ্দীন এবং ইবনুল কেতাব।

ইবনুল কেতাবের ব্যাপারে তাফ্সীরে জালালাইন শরীফ যাহা বেইরুত থেকে ছাপা হয়েছে সেই কেতাবে 'আল মাসখুল' বাদীয়ার থেকে উদ্ধৃত করা হয়েছে যে,তার আব্বাজান তার আম্মাজানকে একটা কেতাব আনতে বললেন এবং লাইব্রেরীতে বই খোজার সময় প্রসব ব্যাথা উঠে এবং সূয়ুতী আলাইহির্ রাহমার জন্ম হয়। তার জন্য ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমাকে ইবনুল কেতাব বলা হয়।

জন্মঃ-প্রথম রজব ৮৪৯হিজরী,ইংরাজি ৩ অক্টোবর ১৪৪৫ সাল রবিবার বাদ নামযে মাগরীব মিশরের কায়রোতে জন্ম গ্রহণ করেন। যেখানে তাঁর পিতা আশ্শাখুনিয়া মাদ্রাসায় ফিকাহের বিষয়ের শিক্ষক ছিলেন।

সূয়ুতী নামকরনের কারণ

সূয়ুতী আলাইহির্ রাহমার পুর্ব পুরুষগণ প্রথমে বাগদাদ শরীফে বসবাস করতেন এবং তার খান্দানের মধ্যে কোন ব্যক্তি মিশররে সূয়ুত শহরে এসে বসবাস করতে শুরু করেন। ঐ শহরের দিকে নিসবত করে তাকে সূয়ুতী বলা হয়।

সিলসিলায়ে নাসাব

আব্দুর্ রহমান বিন কামাল আবী বাকার বিন মুহাম্মাদ বিন সাবিক্ব উদ্দীন বিন আলফাখার ওসনাম বিন নাযীর উদ্দীন মুহাম্মাদ বিন সাঈফুদ্দীন খাদ্র বিন নাজ্মুদ্দীন বিন আবী সিলাহ আইউব বিন নাসীর উদ্দীন মুহাম্মাদ বিন আশ্ শাইখ হামামুদ্দীন আল হামাম আলখাদ্রী আস্ সূয়ুতী রাদ্বীয়াল্লাহু আনহুম।

জন্মস্থান ও বাসস্থান

সূয়ুতী আলাইহির্ রাহমার পুর্ব পুরুষগণ প্রথমে বাগদাদ শরীফের খাদ্রা নামক স্থানে বসবাস করতেন বাসস্থান পরিবর্তন করে মিশরের কায়রোতে বসবাস শুরু করেন। পরবর্তীতে তাঁর আব্বা জান মাদ্রাসা শাইখুনিয়াতে ফিক্বাহ বিষয়ের শিক্ষক নিযুক্ত হন।

প্রাথমিক অবস্থা

সূয়ুতী আলাইহির রাহমা বলেন আমার জন্মের পর আব্বাজান আমাকে শাঈখ মুহাম্মাদ মাজ্জুবের খিদমাতে নিয়ে যান, যিনি বহুত বড় ধরনের আওলীয়া আল্লাহ্ ছিলেন। তিনি আমার জন্য বরকতের দোয়া করেন। আমার লালন পালন এতিমের অবস্থায় হয়েছে। সূয়ুতী আলাইহির্ রাহমা যখন পাঁচ বছর সাত মাসের ছিলেন তখন ৮৫৫ হিজরী ৫ মার্চ ১৪৫১ খ্রীষ্টাব্দে তার আব্বাজান ইন্তেকাল করেন।(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাযিউন)।

এরপর তার আব্বার এক সুফী বন্ধু তাকে নিজের ছেলে হিসাবে গ্রহন করে নেয়।

তার আব্বাজান নিজের ইন্তেকালের পূর্বেই স্নেহের ছেলের শিক্ষা দীক্ষার দায়িত্ব শাইখ শাহাবুদ্দীন ত্বাব্বাখ ও মুহাক্বীক ইবনে হুমাম রাদ্বীয়াল্লাহু আনহুমাকে দিয়েছিলেন এবং তারা নিজেদের দায়িত্ব খুব ভালভাবেই পালন করেছিলেন।

এবং ইমাম হুমাম রাদ্বীয়াল্লাহু আনহু সূয়ুতী আলাইহির্ রাহমাকে ছয় বছরের শিক্ষার পর তাকে জামেয়াতুশ্ শাইখুনিয়াতে ভর্তি করে দেন।

শিক্ষা জীবন

যেহেতু তার আব্বাজান শাইখ কামালুদ্দীন রাদ্বীয়াল্লাহু আনহু মাদ্রাসা শাইখুনীয়াতে শিক্ষক ও সূয়ুত শহরের কাজীর পদে নিযুক্ত ছিলেন।

www.yanabi.in এ পাবেন।

এই জন্য ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার শিক্ষার সূচণা খুব ভালো ভাবেই হয়েছিল। পাঁচ বছর সাত মাস বয়সে তার আব্বাজানের ইন্তেকালের পর ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার কষ্টের শুরু হয়। কিন্তু শাইখ হুমামুদ্দীন রাদ্বীয়াল্লাহু আনহু ও অন্যান্যদের বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার শিক্ষার কোন ব্যাঘাত ঘটেনি।

জালালাইনের ভূমিকায় আছে যে,

ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার বয়স পাঁচ বছর সাত মাস ছিলো তখন তার আব্বার ইন্তেকাল হয়েছিল এবং ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমা সুরা তাহ্রীম পর্যন্ত পোঁছেছিলেন এবং আট বছর বয়স পরিপূর্ণ হওয়ার পূর্বেই সম্পূর্ণ হাফীযে ক্বোরআন হয়েছিলেন।

শৈশব অবস্থা থেকেই শিক্ষার ছটা তাঁর মধ্যে অনুভূত হতে থাকে। হাফীযে ক্বোরআন হওয়ার পর তিনি আরবী শিক্ষারদিকে মনোযোগ দেন,এবং তার সময়ে বিষয় ভিত্তিক পারদর্শী শিক্ষকদের কাছে শিক্ষা গ্রহন করেছিলেন।

ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার জীবনী ;-

ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমা ৮৭৪ হিজরীতে রবীউল আওয়াল মাসে আরবী শিক্ষা শুরু করেন,হযরত শামস সিরামী আলাইহির্ রাহমার কাছে মুসলিম শরীফের কিছু অংশ এবং আশ্শিফা হযরত আলফীয়া বিন মালিক আলাইহির্ রাহমার কাছে অধ্যয়ন করেন। শিক্ষা সম্পূর্ণ করার পূর্বেই ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমা আরবীতে তাসনীফ ও তালীফ(বই লেখার)এর অনুমতি পেয়ে গেলেন এবং আত্তাহ্সীল,আত্তাওহিদ,ও শারাহুস্ সুদুর এবং আল মুগনী ফিক্বাহে হানাফীর উসুল ও হযরত আল্লামা তাফতাজানী রাদ্বীয়াল্লাহু আনহুর শারাহ্ আক্বায়েদও শিক্ষা লাভ করেন।

হযরত আল্লামা শামশুল মুরজাবানী হানাফী রাদ্বীয়াল্লাহু আনহুর কাছে আল কাফীয়া এবং মুসান্নাফেরই শারাহ্ কাফীয়াও পড়লেন, এবং আলফীয়া আল ইরাকী তার থেকেই অধ্যয়ন করেন ও তার খিদমাতে লিপ্ত থাকেন এই পর্যন্ত যে তার ৬৭ হিজরীতে ইন্তেকাল হয়ে গেল। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাযেউন)।

'ফারায়েজ ও হিসাব ' হযরত আল্লামা শিহাবুশ্ শারমাসাহী রাদ্বীয়াল্লাহু আনহুর নিকট শিক্ষা লাভ করেন।তারপর আল্লামা বুলকেয়ানি, আশ্রাফুল মুনাবী মুহাক্কীকে দিয়ারে মিশর আল্লামা সাইফুদ্দীন মুহাম্মাদ বিন মুহাম্মাদ আল হানাফী,আল্লামা আশ্শামানী, আল্লামা আল কাফাজী,এবং আল্লামা আল আজিজুল কেনানি(রাদ্বীয়াল্লাহু আনহুম)গণ এর নিকটে শিক্ষা গ্রহণ করেছেন।

হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর ইজাযাত

মজার কথা হল যে ইমাম সূয়ুতী আলাইহির্ রাহমার আব্বাজান শাইখ কামালুদ্দীন রাদ্বীয়াল্লাহু আনহু ,হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর শাগরীদ(ছাত্র) ছিলেন এবং তার কাছে আনাগোনা ছিল অতঃপর নিজের শাহজাদাকে হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর দারস্গাহে উপস্থিত করেন কিন্তু তখন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বয়স খুব অল্প ছিলো।

জালালাইন শরীফের মুকাদ্দামায় বিদ্যমান

'তার আব্বাজান তাকে হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর মাজলিসে উপস্থিত করেন'।

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

আলখাসায়েসে কুবরা শরীফের মুকাদ্দামাতে মধ্যে আছে,

স্বয়ং ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বর্ণনা করেছেন;- আর হাদীস রাওয়াতের ব্যাপারে হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর নিকটে ইজাযাত পেয়েছি আর এটাও হতে পারে যে তাহা হল ইযাজাতে খাস কেন না বেশীরভাগ সময় আমার আব্বা মায়ের কাছে তিনি আসা যাওয়া করতেন(সংগৃহীত ত্বাবকাতুল হুফ্‌ফাজ)।

সম্মানীয় শিক্ষকগণ

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বিখ্যাত বিখ্যাত শিক্ষক মন্ডলীর ব্যাপারে উপরে সংক্ষিপ্ত আলেচনা হয়েছে।

জালালাইন শরীফের মুকাদ্দামায় তাঁর শিক্ষকের সংখ্যা ৫১ বলা হয়েছে।

ফায়েয আহমাদ ওয়েসী বলেন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা তার লিখিত কেতাব হুসনুল মুহাদিরাতে ১৫০জন শিক্ষকের কথা বর্ণনা করেছেন।

ইমাম আব্দুল ওহাব শুরয়ানী আলাইহির্ রাহমা (ইন্তেকাল ৯৭৩হিজরী ইং-১৫৬৫)'আত্ তাবকাতু সুগরা'তে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা থেকে উদ্ধৃত করে তার ৬০০জন শিক্ষকের কথা বর্ণনা করেছেন।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার কিছু সংখ্যক শিক্ষকের নাম উল্ল্যেখ করা হল;-

১)হযরত আল্লামা ইমাম শাইখ মুহাম্মাদ বিন আহম্মাদ রাদ্বীয়াল্লাহু আনহু পরিচিত জালালুদ্দীন মহল্লী নামে(ইন্তেকাল ৮৬৪হিজরী) (জালালাইন শরীফের শেষ অর্ধাংশের লেখক)।

২)হযরত আল্লামা আলীমুদ্দীন সালেহ্ বুলকেয়ানী রাদ্বীয়াল্লাহু আনহু (ইন্তেকাল ৮৬৮হিজরী)শিক্ষক ইল্‌মে ফিক্বাহ্।

৩)হযরত আল্লামা আশ্‌রাফুল মুনাবী রাদ্বীয়াল্লাহু আনহু(ইন্তেকাল ৮৬৮হিজরী)। ৪)হযরত আল্লামা তাক্বীউদ্দীন শামানী রাদ্বীয়াল্লাহু আনহু (ইন্তেকাল ৮৭২হিজরী)। ৫)হযরত আল্লামা মুহীউদ্দীন সুলাইমান কাফিজী রাদ্বীয়াল্লাহু আনহু(ইন্তেকাল ৮৭৯হিজরী)শিক্ষক মায়ানী ও বায়ান উসুল ও তাফসীর। ৬)হযরত আল্লামা সাইফুদ্দীন মুহাম্মাদ বিন মুহাম্মাদ আল হানাফী রাদ্বীয়াল্লাহু আনহু(ইন্তেকাল ৮৮১হিজরী)। ৭)হযরত আল্লামা শাইখ আব্দুল ক্বাদীর বিন আবীল ক্বাসীম আল আনসারী রাদ্বীয়াল্লাহু আনহু(ইন্তেকাল ৮৮০হিজরী)শিক্ষক ইল্‌মে হাদীস। ৮)হযরত আল্লামা শিহাবুদ্দীন শারমাসাহী রাদ্বীয়াল্লাহু আনহু(ইন্তেকাল ৮৬৫হিজরী)শিক্ষক ইল্‌মে ফারাইয ও হিসাব।

৯)হযরত আল্লামা আজাল কেনানী রাদ্বীয়াল্লাহু আনহু।

১০)হযরত আল্লামা জাইনুল আক্বাবী রাদ্বীয়াল্লাহু আনহু।

১১)হযরত আল্লামা শামসুস্ সীরামী রাদ্বীয়াল্লাহু আনহু।

১২)হযরত আল্লামা শামসু ফিরুমানী হানাফী রাদ্বীয়াল্লাহু আনহু, ইত্যাদি।

হাজ্জ আদায় ও শিক্ষকের মসনদে অধিষ্ঠিত

বিভিন্ন ধরনের ইল্‌ম শিক্ষা করার পর ৮৭৯ হিজরী ইং ১৪৬৪ খ্রীঃ তে ফরজ হাজ্জ আদায় করেন এবং ফিরে আসার পর বিশ্বের বিভিন্ন দেশে শাম(সিরিয়ায়),ইয়ামান,হিন্দুস্থান,পশ্চিমের বিভিন্ন শহরে সফর করার পর মিশরের কায়রোতে পৌঁছান। শিক্ষা শেষে সরকারী কর্মে যোগ দেন। আইন কানুনের ব্যাপারে সরকারের সাহায্য করেন।কিন্তু তার শিক্ষক হযরত আল্লামা বুলকেয়ানী রাদ্বীয়াল্লাহু আনহুর সুফারীসে মাদ্রাসা শাইখুনিয়ার ওই স্থানেই যোগ দেন যে স্থানে তার আব্বাজান শাইখ কামালুদ্দীন রাদ্বীয়াল্লাহু আনহু নিযুক্ত ছিলেন।

মুফতী মুহাম্মদ আলমগীর সাহেবের সমস্ত বই
www.yanabi.in এ পাবেন।

কিন্তু ৮৯১ হিজরী ইং-১৪৮৬ খ্রীঃ তাকে শাইখুনিয়ার থেকে বড় মাদ্রাসা আল বীবুর সিয়াহ মাদ্রাসায় পাঠিয়া দেওয়া হয় এবং সেখানে তিনি ১৫ থেকে ১৬ বছর জ্ঞান সমুদ্র বহান। তারপর হিংসার কারণে ৯০৬ হিজরী ইং-১৫০৬ খ্রীঃ মাদ্রাসা ছেড়ে দিতে বাধ্য হন। যার জন্য তিনি আঘাত পান। আর এটাই হল তার কেতাব লেখার কারণ। তারপর সে শিক্ষকতার পদ থেকে সম্পূর্ণভাবে নিরিবিলিতে চলে যান এবং লোকেদের সাথে মেলামেশা পর্যন্ত বন্ধ করে দেন এমনকি লোকেদেরকে চিনতেও অস্বীকার করে দিতেন।

এটা হল যে, তিন বছর পর যখন ঐ ব্যক্তি ইন্তেকাল করেন যাকে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার স্থলে নিযুক্ত করা হয়েছিল তখন পুণরায় ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাকে উক্ত মাদ্রাসার জন্য ডাকেন কিন্তু তিনি যেতে অস্বীকার করেন।

নিরিবিলি জীবন যাপন

মাদ্রাসা ছেড়ে দেওয়ার পর তিনি নীল নদের ধারে একটা পছন্দনীয় জায়গা রাওজাতুল মীকয়াসে নিরিবিলিতে জীবন যাপন করতে থাকেন এবং দুনিয়া থেকে বিরাগভাজন হয়ে যান এবং নিজেকে ধ্যান ইবাদাত,রিয়াজাত এবং লেখনীর মধ্যে নিয়োগ করেন জীবনের শেষ মুহূর্তাবধী এখানেই অবস্থান করছিলেন।

বর্ণনা করা হয়েছে যে, বাড়িতে তিনি থাকতেন তার দরজা নীলনদের সম্মুখেও না,আমীর ও ধনীরা তার সাথে সাক্ষাতের জন্য আসতেন মোটা মোটা অর্থ তারা নাযরানা স্বরুপ পেশ করতেন কিন্তু তিনি কখনও তাদের নাযরানা কবুল করতেন না।

একবার সুলতান ঘোরী এক হাজার দিনার এবং একটা ক্রীতদাস পেশ করেন। তিনি দিনার ফিরিয়ে দিলেন এবং গুলামটাকে নিয়ে আজাদ করে দিলেন এবং পরে তাকে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র হুজরা মুবারকের খিদমাতে নিযুক্ত করে দিলেন।

অসাধারণ মুখস্ত বিদ্যা

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার মুখস্ত করার ক্ষমতা খুবই তীক্ষ্ণ ছিলো। যাহা একবার মুখস্ত করে নিতেন আর কখনও ভুলতেন না।

জালালাইনের মুকাদ্দামাতে আছে-ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা স্বয়ং নিজের ব্যাপারে বলেছেন যে তার দুই লক্ষ হাদীস শরীফ মুখস্ত ছিল। আরও বলেছেন যদি এর থেকেও বেশী হাদীস শরীফ থাকত তো আমি মুখস্ত করে নিতাম।

হতে পারে সে সময় দুনিয়ার মধ্যে দুই লক্ষের অধিক হাদীস শরীফ মজুদ ছিলো না।

ইমাম সুরয়ানী আলাইহির্ রাহমা বলেন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বেশীর ভাগ প্রশ্নের উত্তর কেতাব না দেখে বলে দিতেন,অমুক কেতাবের অমুক পাতায় অমুক লাইনে এই মাসআলা পেয়া যাবেন এবং তিনি যেটা বলতেন সেটাই হতো।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার ইল্মের বুলান্দী(গভীরতা)

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বহুত বড় আলিমে দ্বীন,বহুত বড় চিন্তাবীদ গবেষক,তীক্ষ্ণ দৃষ্টির উচ্চধরণের লেখক এবং বড় মুহাদ্দীস ছিলেন। তিনি সাতটি বিষয়ের ইল্মের ব্যাপারে স্বয়ং বলেছেন যাহা খাসায়েসে কোবরার ভূমিকায় বর্তমান।

আল্লাহ্ তায়ালা জাল্লা জালালুহু আমাকে সাতটি বিষয়ে মাহারাত(পারদর্শী)বানিয়েছেনঃ-১)ইল্মে তাফসীর ২)ইল্মে হাদীস ৩)ইল্মে ফিক্বাহ্ ৪)ইল্মে নুহু ৫)ইল্মে মায়ানি ৬)ইল্মে বায়ান ৭)ইল্মে বাদী। উক্ত সাতটি বিষয়ে আমি এমন জায়গায় পৌঁছেছি যে,যেখান পর্যন্ত আমার শিক্ষকগণও পৌঁছাতে পারেনি। ইল্মে হিসাব আমার জন্য একটা ভারী বস্তু এবং তার সাথে আমার কোন সম্পর্ক নেই।

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

অতএব আমার মধ্যে ইজতেহাদের সমস্ত শর্ত বিদ্যমান আছে। আলোচিত সাতটি বিষয় ছাড়াও যে সমস্ত ইল্ম তিনি হাসিল করেছিলেন, যাহা আলইত্কান এর দিবাচার মধ্যে লিপিবদ্ধ আছে। আল্লামা শামস্ বেরেলবী লিখেছেন-

বর্ণিত সাত ধরনের ইল্ম ব্যতীত মারেফাত,উসুলে ফিক্বাহ,ইল্মে জুদুল,তাসরীফ (ইল্মে সারফ),ইনশায়ে তারতিল,এবং ইল্মে ফারাইজ। ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেন আমি ইল্মে ক্বেরাত ইল্মে তি্ব কারোও নিকট পড়িনি। হ্যাঁ ইল্মে হিসাব আমার কাছে খুব ভারী। এখন বিহামদিল্লাহি আমার কাছে ইজতেহাদের সমস্ত শর্ত পরিপূর্ণ হয়ে গেছে। আমি এই কথাকে আল্লাহর নিয়ামতের জিকির করার জন্য বর্ণনা করছি অহংকারের জন্য বলছিনা। আর আমি যদি এটা চায় প্রত্যেক মাসআলার ব্যাপারে একটা করে আলাদা আলাদা করে কেতাব লিখবো এবং ঐ মাসআলার প্রত্যেক প্রকার,আকলী নাকলী দলিলের দ্বারা তার তারতীব নক্সা তার উত্তর এবং ঐ মাসআলার মধ্যে মাযহাবী ইখতেলাফ ও তার মধ্যে উত্তম(রাজে ক্বওল)আল্লাহর ইচ্ছায় লিখতে পারবো।

হাদীস শরীফের খিদমাত ও ফাতাওয়া

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার যামানাতে মিশরে ইল্মের চর্চা খুব বেশী ছিল,বড় বড় মুহাদ্দীসীন,হাদীসের হাফীয,ও বড় বড় মাশায়েখে কেরাম, এই পৃথিবীকে আসমানের মতো উচ্চ করেছিলো,কিন্তু হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর ইন্তেকালের পরে হাদীস শরীফের ইমলার(লেখার)চর্চা বন্ধ হয়ে যায়। ২০ বছর পর ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা সেটাকে আবার চালু করেন।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেন হাফীযুল হাদীস আল্লামা ইবনে হাযার আসকালানী রাদ্বীয়াল্লাহু আনহুর ইন্তেকালের পরে হাদীস শরীফের ইমলার(লেখার)চর্চা বন্ধ হয়ে যায়। আর ইহার সময় ২০ বছরের মধ্যে সীমাবদ্ধ ছিল। তার পর আমি ৮৭২ হিজরীতে জামে ইবনে তুতুন থেকে পূণরায় শুরু করেছি।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেন সর্বপ্রথম এই শহরে যিনি হাদীসের লেখনী শুরু করেন তিনি হলেন হযরত ইমাম শাফেয়ী রাদ্বীয়াল্লাহু আনহুর ছাত্র হযরত রাবে বিন সুলাইমান রাদ্বীয়াল্লাহু আনহু। আমি ইমলা করার জন্য জুম্আর দিন জুম্আর পরের সময়কে নির্দিষ্ট করেছি। পূর্বের হুফ্ফাজে হাদীস গণদের অনুসরণ করে যেমন,আল্লামা খাতীবে বাগদাদী,আল্লামা ইবনে সাময়ানী,আল্লামা ইবনে আসাকির রাদ্বীয়াল্লাহু আনহুম প্রমুখদের এছাড়া ইরাকের ছেলেরা ও আল্লামা ইবনে হাজারের ঐসমস্ত লোকেরা যারা মঙ্গল বার হাদীসের ইমলা করাতেন।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা ২৩ বছর বয়সে হাদীস পাকের ইমলা শুরু করেন। যাহা অনেক বয়স হওয়ার পর কেহ হাদীস লেখার অনুমতি পেতেন। কিন্তু ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার তীক্ষ্ণ বুদ্ধি ,
অসাধারণ মুখস্ত বিদ্যার জন্য মুহাদ্দীসীনগণ তার উপর ভরসা করেন এবং যুবক অবস্থাতেই এই মহৎ কাজের মর্যাদা তিনি হাসিল করেন। এইভাবেই তিনি ২২ বছর বয়সেই ফাতাওয়া দেওয়ার কাজ শুরু করেন।

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেন, আমি ৮৭১ হিজরীতে ফাতাওয়া দেওয়ার কাজ শুরু করি,আমার সমকালীন আলিমরা ৫০ প্রকার মাস্ আলাতে আমার বিরোধিতা করেন,তখন আমি প্রত্যেকটি মাস্আলার ব্যাপারে আলাদা আলাদা করে কেতাব লিখে সত্যতা আমি বায়ান করেছি।

মুফতী মুকাররম আলী রেজভীর সাহেবের সমস্ত বই
www.yanabi.in এ পাবেন।

যমযম শরীফের বরকত

ইল্ম ও ফযলের এই ধরণের বুলান্দী কুরআন ও সুন্নাতের এই ধরণের গভীর জ্ঞান ইসলামী ফিক্বাহে এধরণের আযমাত শুধুমাত্র আবে যমযম শরীফের বারকাত। ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহ্মা বলেন যখন আমি ৮৬৯হিজরীতে ফরয হাজ্জ আদায়ের সময় আবে যমযম এই নিয়াতে পান করেছিলাম যে,আল্লাহ্ জাল্লা জালা লুহু আমাকে ফিক্বাহে শাইখ সিরাজুদ্দীন বুলকেয়ানীর মতো,হিফ্যে হাদীসের ব্যাপারে,হাফীয ইবনে হাজার আস্কালানী রাদ্বীয়াল্লাহু আনহুমার মতো বানিয়ে দাও।

তার এইদোয়া আল্লাহর দর্বারে কবুল হয়েছিল।

ইমাম শুরয়ানী রাদ্বীয়াল্লাহু আনহু বলেন;-

‘ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহ্মা বলেন আমি হাজ্জ আদায়ের সময় আবে যমযম এই নিয়াতে পান করেছিলাম যে,আল্লাহ্ জাল্লা জালা লুহু আমাকে ফিক্বাহে শাইখ সিরাজুদ্দীন বুলকেয়ানীর মতো,হিফ্যে হাদীসের ব্যাপারে,হাফীয ইবনে হাজার আস্কালানী রাদ্বীয়াল্লাহু আনহুমার মতো বানিয়ে দাও’।

লেখনীর ময়দানে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা

আল্লাহ্ তায়ালা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাকে যে সমস্ত নিয়ামত দিয়েছিলেন তার মধ্যে হল কলমের দ্রুততা,একদিনে তিন তিনটে খাতা শেষ করে দিতেন।ইমাম আব্দুক ওহাব শুরয়ানী ত্বাবকাতুস্ সুগরাতে বায়ান করেছেন;-শাইখ শামসুদ্দীন আলাইহির্ রাহ্মা বর্ণনা করেন,আমি ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহ্মাকে দেখেছি এক দিনে তিনটি খাতা লিখে দিলেন এবং সাথে সাথে হাদীস শরীফেরও ইমলা করছিলেন কিন্তু কোন অলসতা ব্যতীত প্রশ্নের উত্তর দিচ্ছিলেন,

আর তিনি বলছিলেন,যখন আমি কাহারোর প্রশ্নের উত্তর দিতে থাকি তখন তার উত্তরও তৈরী করে নি যে,যদি আল্লাহ্ পাকের তরফ হতে এই প্রশ্নের উত্তর চাওয়া হয় তাহ্লে তার উত্তর কি হবে।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার লেখনীর একটা উদাহরণ হল জালালাইনের প্রথম পারা,তার শিক্ষক ইমাম জালালুদ্দীন মহল্লী শাফেয়ী ১৬ থেকে ৩০ পারা জালালাইন শরীফ লেখেন এবং তার ইন্তেকালের ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা প্রথম ১৫ পারা চল্লিশ দিনে পূর্ণ করেন এমনকি সেই তাফসীরের নাম জালালাইন হয়ে গেল,ইহা তার কুওয়াতে হিফ্য ও লেখার উপর দালালাত করে।ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেন;-

‘নিজের যামানাতে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা ইল্মে ফুনুন ও হাদীসের সবচেয়ে বড় হাফিয ও আলিম ছিলেন। হাদীসের গারীব আলফাজ, ইসতেমবাতের আহকাম সমূহকে সম্পূর্ণভাবে চিনতেন এই পর্যন্ত যে তিনি আল্লামা ইবনে হাজার আসকালানী রাদ্বিয়াল্লাহু আনহুর কিছু হাদীসের তাখরীজ করে সেই হাদীসের মুরাত্তাব করেন সেই হাদীস কোনটা হাসান কোনটা জঈফ সেটাও বর্ণনা করেন যাহা অন্য আর কেহ জানতেন না’।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার লিখিত কেতাব সমূহের বর্ণনা

খাসায়েসে কোবরার মুকাদ্দেমার মধ্যে বর্ণিত আছে।
তার কেতাবের সংখ্যা হল,৩০০,৫০০,১০০০ বা ১৪০০টি।
আলইতকানে মুকাদ্দেমাতে আছে;তার কেতাবের সংখ্যা হল,৫৭৬,বা ১৫৬১টি।

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বী মোঃ-+919832925240

এছাড়া ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বহু কিতাব চুরি হয়ে গেছে;-ইমাম শুরয়ানীআলাইহির্ রাহমা বলেন;-

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার ইন্তেকালের কিছু দিন পূর্বে বহু কেতাব চুরি হয়ে গেছে তার কেতাবের সঠিক সংখ্যা ঐ সময়ের ব্যক্তিগণও জানেন না,যে সমস্ত কেতাব চুরি হয়েছিল তার নকল কপি তার কাছেও ছিলনা এই দুঃখে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা একখানা কেতাব লিখেছেন ✓আলবারিক ফী কাত্বয়ে ইয়াদিস্ সারিক□ তার মধ্যে লিখেছেন - লেখক নিজের লেখনীর জন্য আল্লাহর নিকট সাওয়াবের আশা রাখে কিন্তু যারা কিছু না করে সাওয়াবের আশা রাখে তারা কেমন হবে?(অর্থাৎ কেতাব চুরি করে নিজেদের নামে বাজারে ছাড়ে যারা তারা সাওয়াবের হক্বদার হবে কি?)।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার উপরে নবীয়ে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খাস নিয়ামত

প্রথম ঘটনা

হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে শাইখুস্ সুন্নাহ্ ও শাইখুল হাদীস বলে সম্বোধন করেছেন

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা ত্বাবকাতুস্ সুগরার মধ্যে বায়ান করেন; সুলাইমান আলাইহির্ রাহমা আমাকে বলেছেন যে,

আমি ইমাম শাফেয়ী আলাইহির্ রাহমার মাযার শরীফে বসে ছিলাম হঠাৎ করে একটি জামায়াত দেখলাম যারা সকলেই সাদা পোশাকে ছিলেন, যাদের মাথায় মেঘের ছায়া ছিল,তাহা পাহাড় থেকে আমার দিকে আসছিল,যখন নিকটবর্তী হল তখন দেখলাম যে,হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার সাহাবায়ে কেরাম রাদ্বীয়াল্লাহু আনহুমগণ ঐ দলের মধ্যে রয়েছে।

হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আমার সাথে জালালুদ্দীনের বাড়ি চলো,আমি হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে গেলাম,ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার ঘর থেকে বের হয়ে এলেন হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাত মুবারকে চুম্বন দিলেন এবং সাহাবায়ে কেরাম রাদ্বীয়াল্লাহু আনহুমগণকে সালাম দিলেন। তারপর হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বাড়িতে নিয়ে গেলেন হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে বসে গেলেন হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হাদীসের ব্যাপারে জিজ্ঞাসা করতে লাগলেন আর হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে লাগলেন **হাতি ইয়া শাইখাস্ সুন্নাহ্** অ্যায় শাইখুস্ সুন্নাহ্।

দ্বিতীয় ঘটনা

শাইখ আব্দুল ক্বাদির শাজুলি আলাইহির্ রাহমা বলেন ।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেছেন স্বপ্নে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে **অ্যায় শাইখুল হাদীস নিয়ে এসো** বলে সম্বোধন করেছেন।

তৃতীয় ঘটনা

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলেছেন আমি জাগ্রত অবস্থায় হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত করেছি। হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে **অ্যায় শাইখুল হাদীস নিয়ে এসো** বলে সম্বোধন করেছেন,আমি জিজ্ঞাসা করলাম ইয়া রাসুলাল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমি কি জান্নাতী? উত্তরে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন হ্যাঁ।

মুফতী নূরুল আরেফীন সাহেবের সমস্ত বই
www.yanabi.in এ পাবেন।

আবার আমি জিজ্ঞাসা করলাম, ইয়া রাসুলাল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমে কোন আযাব ছাড়াই? পূণরায় উত্তরে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন হ্যাঁ,তোমার জন্য এধরণেরই হবে(সুবহান আল্লাহ্)।

চতুর্থ ঘটনা

শাইখ আতীয়া আম্বারী আলাইহির্ রাহ্মা বলেন বাদশার কাছে আমার কিছু দরকার ছিলো,আমি তখন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহ্মাকে বললাম, বাদশার কাছে আমার জন্য সুফারিশ করে দিলে ভালো হত। তিনি উত্তরে বললেন আমি জাগ্রত অবস্থায় হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত করে থাকি। বাদশার কাছে গেলে সেই নিয়ামত থেকে বঞ্চিত হয়ে যাবো। আর এই কথাটা আমার মৃত্যুর পূর্বে কাউকে বলো না।

জাগ্রত অবস্থায় হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দর্শন সত্তর বারের চেয়েও বেশী হয়েছে।

শাইখ আব্দুল ক্বাদির শাজুলি আলাইহির্ রাহ্মা বলেন,আমি তার লেখনিতে দেখেছি যাহা তিনি তার কিছু সাথীদের প্রশ্নের উত্তরে বলেছেন;—অ্যায় আমার ভাই আমি জাগ্রত অবস্থায় আমি জাগ্রত অবস্থায় হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত করে থাকি। আমার ভয় হচ্ছে যদি আমি ঘুরীর মাজলিসে যায় তাহলে এই নিয়ামত আমার জন্য লুকিয়ে যাবে। তবে আমি তোমার ব্যাপারে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আরয করবো। তখন আমি তাকে জিজ্ঞাসা করলাম অ্যায় আমার আক্বা আপনি কতবার জাগ্রত অবস্থায় হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত করেছেন? উত্তরে বললেন সত্তর বারের চেয়েও বেশী।

ইমাম সাহেবের কারামাত সমূহ

(১)ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার খাদীম মুহাম্মাদ বিন আলাল হুব্বাব আলাইহির্ রাহমা বলেন যখন সাইয়্যেদ ওমার ইবনুল ফারিদ আলাইহির্ রাহমার ব্যাপারে শাইখ বুরহানুদ্দীন বাক্বায়ী ফিতনা আরম্ভ হয়েছিল তখন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা আমাকে বললেন চলো সাইয়্যেদ ওমার ইবনুল ফারিদ আলাইহির্ রাহমার যিয়ারাত করে আসি এটা কায়লুলাহের(দুপুরে খাওয়ার পর শোয়ার টাইম) সময় ছিলো। যখন যিয়ারতের জন্য পাহাড়ে উঠলাম,

সেখানে কিছুক্ষন বসলাম ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বললেন আমার মৃত্যু পর্যন্ত যদি লুকিয়ে রাখো তাহলে আজ আসরের নামায কাবা শরীফে পড়বো? আমি বললাম ঠিক আছে। সে বলল আমার হাত ধরো আর চক্ষু বন্ধ করো,

আমি চোখ বন্ধ করলাম এবং ২৭ ক্বদম চললাম বললেন চোখ খোল,তো হঠাৎ দেখলাম আমরা জান্নাতুল মুয়াল্লার কাছে উপস্থিত হয়ে গেছি। তার পর আমরা হযরত খাদীযতুল কুবরা,ফুদ্বাইল বিন আইয়াদ এবং সুফিয়ান বিন ওয়াইনা রাদ্বিয়াল্লাহু আনহুমগণের যিয়ারাত করলাম অর্থাৎ ফাতিহা পড়লাম,কাবা শরীফের হেরেমে প্রবেশ করলাম ,তাওয়াফ করলাম,যমযম শরীফ পান করলাম,তারপর আমাকে বললেন অ্যায় অমুক যমিনের সঙ্কুচিত আশ্চর্যের কথা নয় আশ্চর্য হলো মিশরের আমার কোন প্রতিবেশী আমাকে চেনেন না,তার পর বললেন যদি তুমি চাও তো আমার সঙ্গে আসতে পারো আর যদি হাজিদের সাথে যেতে চাও ত যেতে পারো,আমি বললাম আপনার সাথে যাবো,তারপর বাবে মুয়াল্লাতে এলাম অত:পর বললেন চোখ বন্ধ করে নাও। আমি চোখ বন্ধ করলাম তারপর আমরা আব্দুল্লাহ্ জায়সীর নিকটে ছিলাম,আমারা সাইয়্যেদি ওমার আলাইহির্ রাহমার নিকটে পৌঁছালাম। ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা নিজের খচ্চরে চেপে এবং আমরা তার ঘর জামে তুতুন পৌঁছে গেলাম।

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন এম-এস-সাক্কাফী মোঃ-+919832925240

কারামাত(২)

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেছেন, আমার শাইখ ইমাম আমিনুদ্দীন আলাইহির্ রাহমা বলেন আমি ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাকে বলতে শুনেছি,তিনি ৯১০ হিজরীর ব্যাপারে বলেছিলেন শুনো যতদিন না আমার ইন্তেকাল না হবে কাহাকেও বলবে না;-আর এই কথা সেলিম বিন ওসমানের মিশরে প্রবেশ করার পূর্বে। বলেছেন ৯২৩ হিঃ ইহা মিশরের ধংসের সূচনার সাল। ৯৩৩ হিঃ তে তাদের নায়েবগণ ঘরওয়ালাদেরই ধংসের কারণ হবে তাদেরকে প্রতিরোধ করার মতো কেহ থাকবে না। ৯৫৭হিঃ মধ্যভাগেতে শ্বশানভুমিতে পরিণত হবে,মিশরের আমদানির চেয়ে বেশী খরচ বেড়ে যাবে এবং তার থেকেও বেশী ধংস লীলা ৯৬৭ হিজরীতে হবে।

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেন আমি এই কথা শাইখ ইমাম আমিনুদ্দীন আলাইহির্ রাহমার নিকটে সুলতান ঘুরী সঙ্গে সেলিমের যুদ্ধের বছরে শুনেছি। এই কথা আমি কিছু আলিমদেরকে বলেছি যারা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাকে অস্বীকার করতেন। তারপর যখন সুলতান ঘুরীকে হত্যা করা হল সুলতান সেলিমের সৈন্য ৯২৩ হিজরীর শুরুতে প্রবেশ করল। আর চুরাকেসার ঘরয়ালাদের জ্বালাতে লাগল হত্যালীলা চালু করল। স্ত্রীলোকেদের বন্দীনি বান্তে লাগল,তখন শাইখ ইমাম আমিনুদ্দীন আলাইহির্ রাহমা বললেন, ঐ অস্বীকারকারীদের নিকট যাও এবং তাদেরকে বলো দেখো! ঐ সত্যকে যাহা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বলছেন একটা দিনও ভুল হয়নি(অর্থাৎ যাহা বলেছিলেন সেই নির্দষ্ট দিনেই তাহা ঘটেছে)।

কারামাত(৩)

যখন সুলতান ঘুরী নিজের একটা মাদ্রাসা তৈরী করলেন এবং তার দাফনের জায়গা আলক্কুব্বাতুয্ যারক্বাতে তৈরী করলেন,

তখন মাদ্রাসার মাশায়েখদের ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার কাছে পাঠালেন। কিন্তু ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা তাহা কবুল করলেন না,কিন্তু ঘুরী তাকে খুব সম্মান করতেন। বীরিসিয়া খানকার সুফীগণ ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বিরুদ্ধে উঠে দাঁড়ালেন কারণ ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা তাদেরকে বলেছিলেন তোমরা সুফী হতে পারো না। সুফী তারা আওলিয়ায়ে কেরামগণের আখলাকের উপর চলে যেমন আল্লামা আবু নাঈম আলাইহির্ রাহমার লেখা কেতাব হুলিয়া রিসালাতু কুশাইরিয়ার মধ্যে বর্ণিত হয়েছে,এবং যারা জেনে বুঝে (খানকার নাযরানা) খায়,আওলিয়ায়ে কেরামগণের আখলাকের উপর চলে না, হারাম মাল খায়,তারা আবার সূফী! কথা বহুত গম্ভীর হয়ে গেল,লোকেরা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমাকে হত্যা করার জন্য বাদশার কাছে আরজ করলো তখন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা বললেন রাসুলাল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জানিয়েছেন আমি ঐ লোকেদের উপরে বিজয়ী থাকবো আর এ লোকেরা আমার চুল পর্যন্ত বাঁকা করতে পারবে না,সুতরাং যারা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রহমার বিরোধিতা করে তাদের মধ্যে বহুত অসম্মান হয়েছিল এবং তাদের মৃতু খুবই ভয়ানক ভাবে হয়েছিল।

কারামাত(৪)

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেছেন,আমাকে আল্লামা বাদরুদ্দীন ত্বাব্বাখ আলাইহির্ রাহমা বলেছেন যখন **আল বীরিসীয়াহ** এর সুফীরা ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বিরুদ্ধে লেগে পড়েন,তখন ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা তাদের বিরুদ্ধে কেতাব লেখেন,

www.yanabi.in এ পাবেন।

ঐখানকার সুফীরা আমাকে ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার বিরুদ্ধে কেতাব লিখতে বলেন এবং রাত্রে আমি কেতাব লিখতে লখন বসলাম হঠাৎ করা রাত্রে আমার কোলে একটা কাগজ পড়ল তার মধ্যে লেখা ছিল —আমার মুমিন বান্দা!এই ধরণের কোন ব্যক্তিকে কষ্ট দিওনা যে নবীয়ে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইল্‌মের অধিকারী। তখন আমি জবাব দেওয়ার জন্য যে লেখা লিখতে আরম্ভ করছিলাম। তা বন্ধ করলাম। এবং বুঝতে পারলাম ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা সঠিক পথে রয়েছেন।

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা থেকে খুব বেশী কারামাত প্রকাশ হয়নি। কিন্তু কুরআন হাদীসের এত বড় খিদমাত করেছেন যে,তাহার লেখনীর কবুলিয়াতই হল তার বড় কারামাত কারণ। হায়াতে ত্বাইয়েবাতেই তাহার কেতাব পূর্ব পশ্চিমে এমনকি হারামাইন ত্বাইয়্যেবাইনে মাকবুলিয়াত হয়েছিল।

ইমাম সাহেবের প্রসিদ্ধ ছাত্রগণ

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমা বলেছেন আমি তার ছাত্রের সংখ্যার কোন খাস দলিল পায়নি,তবে এটা জানি যে,
তিনি চল্লিশ বছর দার্‌সে বসেছিলেন এবং হাজার হাজার ছাত্র তার কাছে ইল্‌ম শিক্ষা করেছেন। কিছু কিছু বিশিষ্ঠ ছাত্রগণ হলেন,শাইখ আব্দুল ক্বাদের শাজুলি, শাইখ শামসুদ্দীন দায়ুদী,শাইখ আব্দুল ওহাব শুরআনী আলাইহিমুর্ রাহমাহুমুল্লাহ, প্রমুখগণ।

ইমাম শুরয়ানী আলাইহির্ রাহমার ঘটনা

ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমা আমার আব্বার হাতে একটা লেখনী পাঠান যার মধ্যে তাহার সমস্ত লেখনীর ও রাওয়াতের ইযাজাত আমাকে দিয়েছিলেন।

তার পর যখন আমি তার ইন্তেকালের পূর্বে মিশর এলাম,তার সঙ্গে সাক্ষাৎ করলাম তখন তিনি সিয়াসিত্তাহের কিছু হাদীস এবং আল মিনহাজুল ফিক্বাহের কিছু অংশ আমাকে শুনাল। তার পর যখন একমাস পর তার ইন্তেকালের খবর পেলাম জুমাআর নামযের পর আর্‌রাওদ্বাতুতে আহ্‌মাদ আবারিকির নিকটে উপস্থিত হলাম এবং ক্বাদীম মিশরে জামে জাদীদের নিকটে মুমেনিনের রাস্তায় ইমাম জালালুদ্দীন সূয়ুতী আলাইহির্ রাহমার জানাযা পড়লাম।

ইন্তেকাল

ইল্‌ম ও ফযল,জুহ্‌দ ও তাক্বওয়া, দানায়ী,এবং তাহ্‌ক্বীকের এই আযীম বুদ্ধিমানের ৬১ বছর ১০ মাস ১৮ দিনে,১৮ই জামাদিল উলা ৯১১ হিজরীতে সাধারণ অসুস্থতায় বাম হাতী অসুস্থতায় এক সপ্তাহের মধ্যে ইন্তেকাল করেন এবং বাবুল ক্বারাফার বাইরে হোশ কুশুনে চির ঘুমে শুয়ে পড়েন।

(ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজেঊন)।

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

অনুবাদ গ্রন্থ উৎসর্গ

আমার এই ক্ষুদ্র প্রচেষ্টাকে গ্রন্থ প্রনেতা হযরত আল্লামা জাল্লালুদ্দীন আবদুর রহমান ইবনে আবী বাকার সূয়ূতী ও মুজাদ্দীদে আযাম হুযুর আলা হাযিরাত রাদ্বীয়াল্লাহু আনহুমার নামে উৎসর্গ করলাম।

অনুবাদক

৭৮৬/৯২/৯১৭

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

বিস্‌মিল্লাহির্ রাহ্‌মানির্ রাহীম

এই রিসালায় ঐ সকল কবুল হওয়া দোয়ার বিষয়ে,যার কবুল হওয়ার শর্ত সমূহের মধ্যে কখনও দোয়া প্রার্থীর কারণে হয়ে থাকে,কখনও এই ফযীলত কোন মুবারক সময় ও স্থানের জন্য এবং দোয়ার শব্দসমূহের বরকতের কারণে হয়ে থাকে। আর এই প্রসঙ্গে যে যে হাদীস মুবারক এসেছে এবং এই কিতাবের নাম

سِهَامُ الْاِصَابَةِ فِي الدَّعَوَاتِ الْمُسْتَجَابَةِ

সিহামুল ইসাবা ফা দাওয়াতিল মুসতেজাবা রেখেছি।এই জন্য আল্লাহ্ তায়ালার নিকট সাহায্য প্রাথী। আমি এই কিতাব চারটি অনুচ্ছেদে বিভক্ত করেছি এবং একটি বরকত পূর্ণ খাতিমায় তারতীব দিয়েছি।

লেখক

সুন্নী উলামা ও আকাবীরীন সাহেবদের সমস্ত বই
www.yanabi.in এ পাবেন।

﴿بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ﴾

প্রথম অধ্যায়

যে সব ব্যক্তির দোওয়া কবুল হয়

হাদীস শরীফ-১

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,*

﴿ثَلٰثُ دَعَوَاتٍ مُسْتَجَابٌ لَهُنَّ لَا شَكَّ فِيهِنَّ دَعْوَةُ الْمَظْلُومِ وَدَعْوَةُ الْمُسَافِرِ وَدَعْوَةُ الْوَالِدَيْنِ عَلَى الْوَلَدِ﴾

অনুবাদঃ- তিনটি দোয়া অবশ্যই কবুল হয়,আর এগুলি কবুল হওয়ার ক্ষেত্রে কোন সংশয় নেইঃ-
(১) মাজলুমের দোয়া। (২)মুসাফিরে দোয়া।
(৩)পিতা মাতার স্বীয় সন্তানের জন্য দোয়া।

এটি ইমাম বুখারী 'আদাবুল মুফরাদ'এর মধ্যে, ইমাম আবুদাউদ এবং ইমাম তিরীমীযি আলাইহিমুর্ রাহ্‌মা বর্ণনা করেছেন।

---

* أخرجه أبو داود فى الصلاة : باب الدعاء بظهر الغيب برقم (١٥٣٦) ، والترمذى فى البر : باب ما جاء فى دعاء الوالدين برقم (١٩٧٠) ، وأخرجه البخارى فى « الأدب المفرد » برقم (٣٢) ، وابن ماجه فى سننه برقم (٣٨٦٢) فى الدعاء ، والإمام أحمد فى مسنده (٤/ ١٥٤) ، وابن حبان برقم (٢٦٨٨) والحديث حسن . انظر :
الأحاديث الصحيحة برقم (٥٩٨) ، وصحيح الجامع للشيخ الألبانى (٣/ ٦٣) . ورواه الطبرانى بلفظ : « ثلاثة تستجاب دعوتهم الوالد والمسافر والمظلوم » . من رواية عقبة بن عامر الجهنى رضى الله عنه .
قال الحافظ الهيثمى : رجاله رجال الصحيح غير عبد الله بن يزيد الأزرق وهو ثقة انظر : مجمع الزوائد (١٠/ ١٥١) .

হাদীস শরীফ-২

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,*

﴿دَعْوَةُ الْمَظْلُومِ مُسْتَجَابَةٌ وَإِنْ كَانَ فَاجِرًا فَفُجُورُهُ عَلٰى نَفْسِهِ﴾

অনুবাদঃ-মাজলুম ব্যক্তির দোওয়া অবশ্যই কবুল হয়। যদিও সে ফাসিক হোক না কেন? কারণ ফাসিকও স্বীয় কর্মের জন্য হয় (অর্থাৎ সে তার কুকর্মের জন্য নিজে জাবাব দেবে সেক্ষেত্রে তার দোওয়া কবুল হওয়ার ক্ষেত্রে কোন বাধা নেই)।

ইমাম আহমাদ ও ঈমাম বাজ্যার এটি হাসান সনদের দ্বারা হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেছেন ; অথচ ঈমাম আহমাদ একটি বর্ণনায়, হযরত সাইয়্যেদুনা আনাস রাদ্বীয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেছেন। তার মধ্যে এই S × r e y e C (w y a t n k a n a k a l P r a n ✪)

✪ যদিও সে কাফির হোক না কেন।

---

* أخرجه أحمد فى مسنده (٢/ ٣٦٧) ، وأورده الخطيب البغدادى فى تاريخه (٢/ ٢٧٢) فى ترجمة محمد بن حماد الطهرانى ووثقه .
وأورده السيوطى فى الجامع الكبير برقم (١٣٩٩٠) ، وعزاه للطيالسى ، وابن أبى شيبة ، والخطيب البغدادى فى تاريخه ، كلهم من حديث أبى هريرة رضى الله عنه . والحديث إسناده حسن ، انظر :
مجمع الزوائد (١٠/ ١٥١) ، كشف الخفاء (١/ ٤٨٨) ، صحيح الجامع (٣/ ١٤٥) ، السلسلة الصحيحة برقم (١٣٣٩) .

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

হাদীস শরীফ-৩

হযরত সাইয়্যেদাতুনা আবু উম্মে হাকীম রাদ্বীয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, হুযুরে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,*

﴿دُعَاءُ الْوَالِدِ يُفْضِي إِلَى الْحِجَابِ﴾

অনুবাদঃ-পিতার দোয়া হিযাব পর্যন্ত পৌঁছায়।

উক্ত হাদীস ইমাম ইবনে মাযাহ আলাইহির্ রাহমা হতে বর্ণিত*

হাদীস শরীফ-৪

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,**

﴿ثَلٰثٌ لَا تُرَدُّ دَعْوَتُهُمُ الصَّائِمُ حِيْنَ يُفْطِرُ وَالْإِمَامُ الْعَادِلُ وَدَعْوَةُ الْمَظْلُوْمِ﴾

* أخرجه ابن ماجه فى الدعاء : باب دعوة الوالد المظلوم برقم (٣٨٦٣) ضعفه الشيخ الألبانى – حفظه الله – فى ضعيف الجامع (٣/ ١٥٣) .
وأورده الإمام السيوطى فى الجامع الكبير برقم (١٣٩٨٠) ، وعزاه إلى ابن ماجه والطبرانى .
[معنى الحديث]
أن الوالد إذا قام بالدعاء لمن شاء من أولاده ، أو إخوانه ، أو غير ذلك ، فإن دعاءه يصعد ، ويصل إلى موضع القبول ، ويخترق السموات ، ولا يحول بينه وبين الإجابة أى حائل . والله أعلم .

** أخرجه الترمذى (٣٦٦٨) فى الدعوات ، ولفظه « ثلاثة لا ترد دعوتهم : الصائم حين يفطر ، والإمام العادل ، ودعوة المظلوم يرفعها الله فوق الغمام ، ويفتح لها أبواب السماء ، ويقول الرب : وعزتى لأنصرنك ولو بعد حين » .
وأخرجه ابن ماجه (١٧٥٢) فى الصيام : باب فى الصائم لا ترد دعوته بمثله .
وأخرجه أحمد فى مسنده (٢/ ٤٤٥) بلفظ : ثلاثة لا يرد دعاؤهم .
ضعفه الشيخ الألبانى ، انظر : ضعيف الجامع برقم (٢٥٩١) .

অনুবাদঃ-তিন ব্যক্তি হলো এমন যাদের দোয়া খণ্ডন করা হয় না। তাঁরা হলেন। (১)ইফতারের সময় রোযা দারের দোয়া। (২)ন্যায় প্রতিষ্ঠাকারী ইমামের দোয়া।
(৩)মাজলুমের দোয়া।

উক্ত হাদীস ইমাম তিরমীযি আলাইহির্ রাহমা হতে বর্ণিত

হাদীস শরীফ-৫

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন,*

﴿ثَلٰثٌ لَا يَرُدُّ اللّٰهُ دُعَاءَهُمُ الذَّاكِرُ اللّٰهَ كَثِيْرًا وَالْمَظْلُوْمُ وَالْإِمَامُ الْمُقْسِطُ﴾

অনুবাদঃ-আল্লাহ তায়ালা তিন ব্যক্তির দোয়াকে খণ্ডন করেন না;- (১)আল্লাহ্ তায়ালার অধিক জিকিরকারী।
(২)মাজলুম। (৩)ন্যায় প্রতিষ্ঠাকারী ইমাম।

উক্ত হাদীস হযরত ইমাম বায়হাক্বী আলাইহির্ রাহ্মা শা'ওবুল ইমানের মধ্যে বর্ণনা করেছেন।

* الحديث فى الجامع الصغير برقم (٣٥٣١) ، وعزاه للبيهقى فى شعب الإيمان . وفى كشف الخفاء برقم (١٠٤٥) ، وعزاه للبيهقى .
والحديث إسناده حسن . انظر السلسلة الصحيحة برقم (١٢١١) ، وصحيح الجامع (٣/ ٧٢) للشيخ الألبانى عفا الله عنه .

www.yanabi.in এ পাবেন।

হাদীস শরীফ-৬

হযরত সাইয়্যেদুনা ওয়াসিলা রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন,✪

﴿أَرْبَعَةٌ دَعْوَاتُهُمْ مُسْتَجَابَةٌ وَالْإِمَامُ الْعَادِلُ وَالرَّجُلُ يَدْعُو لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ وَدَعْوَةُ الْمَظْلُومِ وَرَجُلٌ يَدْعُو لِوَالِدِهِ﴾

(১) ন্যায় প্রতিষ্ঠাকারী ইমাম।
(২) নিজমুসলমান ভাইয়ের অবর্তমানে তার জন্য দোওয়া চাওয়া।
(৩) মাজলুম।
(৪) স্বীয় পিতা মাতার জন্য দোয়া প্রার্থী।

উক্ত হাদীস ইমাম আবু নঈম আলাইহির্ রাহমা 'হুলিয়া'র মধ্যে বর্ণনা করেছেন।

হাদীস শরীফ-৭

হযরত সাইয়্যেদুনা আব্বাস রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

---

✪ أورده السيوطي في جمع الجوامع برقم (٢٩٢٤) ، وعزاه إلى أبي نعيم في الحلية ، والديلمي في مسند الفردوس من حديث واثلة بن الأسقع رضي الله عنه .
والحديث ضعيف : انظر ضعيف الجامع (١/ ٢٥٠) للشيخ الألباني حفظه الله .

﴿دَعْوَتَانِ لَيْسَ بَيْنَهُمَا وَبَيْنَ حِجَابٌ دَعْوَةُ الْمَظْلُومِ وَدَعْوَةُ الْمَرْءِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ﴾

অনুবাদঃ-দুটি দোয়া এরূপ যে আল্লাহ্ জাল্লা জালালুহু(দোয়া কবুল করতে) এবং দোয়া প্রার্থীর দোয়ার (কবুল হতে) মধ্যে কোন বাধা থাকে না;(১)মাজলুমের দোয়া (২) বান্দার স্বীয় মুসলমান ভাইয়ের অবর্তমানে তার জন্য দোয়া।

ইমাম তাবরানী আলাইহির রাহমা'মু'জামুল কাবির এর মধ্যে বর্ণনা করেছেন*

হাদীস শরীফ-৮

হযরত সাইয়্যেদুনা আব্দুল্লাহ্ বিন ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমাথেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন,

﴿أَسْرَعُ الدُّعَاءِ إِجَابَةً دُعَاءُ غَائِبٍ لِغَائِبٍ﴾

---

* أورده السيوطي في الجامع الصغير برقم (٤٢٠٧) ، وعزاه للطبراني في الكبير . والحديث ضعيف .
قال الحافظ الهيثمي رحمه الله :
رواه الطبراني وفيه عبد الرحمن بن أبي بكر المليكي وهو ضعيف (مجمع الزوائد ١٠/ ١٥٢) وضعفه الشيخ الألباني في ضعيف الجامع (٣/ ١٥٤) وقال حفظه الله : صح مفرقًا في أحاديث بنحوه ، فانظر بعضها في « الصحيح » - يقصد صحيح الجامع - (٣٠٢٧ - ٣٠٣٠ و ٣٣٧٤ - ٣٣٧٦) . انتهى
وعبد الرحمن بن أبي بكر المليكي المذكور ، قال البخاري وأحمد عنه : منكر الحديث (التاريخ الكبير للبخاري (٥/ ٢٦٠) ، وقال ابن معين : ضعيف ، وقال النسائي : متروك انظر ترجمته في الطبقات الكبرى لابن سعد (٣٦٤/ ٥) وميزان الاعتدال للذهبي رحمه الله (٢/ ٥٥٠) ، والمجروحين لابن حبان (٢/ ٥٣) والضعفاء الكبير للعقيلي ترجمة (٩١٥) ، والضعفاء للدارقطني (٣٤٠) ، التهذيب (١/ ٤٧٤) .

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্কাফী মোঃ-+919832925240

অনুবাদঃ-দোয়ার মধ্যে সবচেয়ে দ্রুত কবুল হবে,এমন দোয়া হল,অনুপস্থিত ব্যক্তির জন্য অনুপস্থিত দোয়া।
ব্যাখ্যা;- দোয়া কারী নির্জনে দোয়া করবে আর যার জন্য দোয়া করা হয়। সে নিজেই সে সম্পর্কে অবগত নয়;এই প্রকারের দোয়া দ্রুত কবুল হয়ে থাকে।

এ সম্পর্কে ইমাম বুখারী রাদ্বীয়াল্লাহু আনহু‘আদাবুল মুফরাদ’এর মধ্যে,ইমাম আবুদাউদ এবং ইমাম তিরীমীযি আলাইহিমুর্ রাহ্মাও বর্ণনা করেছেন।*

হাদীস শরীফ-৯

হযরত সাইয়্যেদুনা আবু দারদা রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন,

﴿إِنَّ دَعْوَةَ الْمَرْءِ الْمُسْلِمِ مُسْتَجَابَةٌ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ عِنْدَ رَأْسِهِ مَلَكٌ مُوَكَّلٌ كُلَّمَا دَعَا لِأَخِيهِ بِخَيْرٍ قَالَ آمِينَ وَلَكَ مِثْلُ ذَلِكَ﴾

*
أخرجه أبو داود فى الدعاء : باب الدعاء بظهر الغيب برقم (١٥٣٥) ، والترمذى فى البر : باب ما جاء فى دعوة الأخ لأخيه برقم (٢٠٤٦) وأخرجه البخارى (ص/ ١٢٧) فى الأدب المفرد ، باب دعاء الأخ بظهر الغيب .
وانظر : الأذكار للنووى (٣٥٦) ، وأورده السيوطى فى جمع الجوامع برقم (٣١٤٦) ، وعزاه إلى البخارى فى الأدب وأبى داود ، والطبرانى فى الكبير ، والخرائطى فى مكارم الأخلاق عن ابن عمرو . والحديث ضعيف : انظر : ضعيف الجامع (١ /٢٧٣) ، تخريج مشكاة المصابيح للشيخ الألبانى – حفظه الله – برقم (٢٢٤٧) .
وضعفه الشيخ شعيب الأرناووط فى شرح السنة (٥/ ١٩٨) .
لأن فى سنده عبد الرحمن بن زياد بن أنعم الأفريقى وهو ضعيف .
قال ابن حبان عنه : كان يروى الموضوعات عن الثقات ، ويأتى عن الأثبات ما ليس من حديثهم (٢/ ٥٠) وانظر ترجمته فى الميزان (٢/ ٥٦١) ، التاريخ الكبير للبخارى (٥/ ٢٨٣) ، والضعفاء للدارقطنى (٣٦١) ، الصغير للبخارى (٧٠) ، العقيلى (٩٢٧) .

অনুবাদঃ-মুসলমান বান্দার স্বীয় মুসলমান ভাইয়ের জন্য তার অনুপস্থিতে করা দোয়া কবুল হয়ে থাকে;সুতরাং যখন সে দোয়া করে তখন ফারিশ্তা তার জন্য‘**আমিন**’বলে থাকে এবং এরূপ বলতে থাকে তোমার জন্যও অনুরুপ হোক।(অর্থাৎ যে দোয়া তুমি নিজ ভাইয়ের জন্য চাও,আল্লাহ জাল্লা জালালুহু তোমাকেও এরূপ নিয়ামত প্রদান করুন)।

এ সম্পর্কে ইমাম আহ্মাদ স্বীয় ‚মুসনাদে’এবং ইমাম বুখারী আলাইহির্ রাহ্মা‘আদাবুল মুফরাদ’এ বর্ণনা করেছেন✪

হাদীস শরীফ-১০

হযরত সাইয়্যেদুনা আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন,*

﴿خَمْسُ دَعَوَاتٍ يُسْتَجَابُ لَهُنَّ دَعْوَةُ الْمَظْلُومِ حَتَّى يَنْتَصِرَ وَدَعْوَةُ الْحَاجِّ حَتَّى يُصْدِرَ وَدَعْوَةُ الْغَازِي حَتَّى يَقْفُلَ وَدَعْوَةُ الْمَرِيضِ حَتَّى يَبْرَأَ وَدَعْوَةُ الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ وَأَسْرَعُ هَذِهِ الدَّعَوَاتِ إِجَابَةً دَعْوَةُ الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ﴾

✪ أخرجه أحمد فى مسنده (٥/ ١٩٥) ، والبخارى فى الأدب المفرد (ص/ ١٢٧) . صححه الشيخ الألبانى – حفظه الله – ، فى صحيح الجامع برقم (٣٣٧٥) وأخرجه الإمام مسلم ولكن بلفظ : « دعاء المسلم مستجاب لأخيه بظهر الغيب ، عند رأسه ملك موكل ، ما دعا لأخيه بخير إلا قال له : أمين ولك بمثله » أخرجه مسلم فى الذكر والدعاء والاستغفار : باب فضل الدعاء للمسلمين بظهر الغيب (١٧/ ٥٠) من رواية أبى الدرداء رضى الله عنه .
وكذا أخرجه ابن ماجه فى سننه ، فى كتاب المناسك : باب فضل دعاء الحاج برقم (٢٨٩٥) .

মুফতী নুরুল আরেফীন সাহেবের সমস্ত বই www.yanabi.in এ পাবেন।

অনুবাদঃ-পাঁচটি দোয়া কবুল হয়;-(১)মাজলুমের দোয়া;যতক্ষন পর্যন্ত তার বদলা না পাওয়া যায়; (২)হজ্বে গমনকারীর দোয়া;যতক্ষন পর্যন্ত না সে ফিরে আসে;(৩)গাজীর দোয়া যতক্ষন নাসে গৃহে ফিরে আসে;(৪)অসুস্থের দোয়া;যতক্ষন না সুস্থ না হয়। (৫)মুসলমান বান্দার স্বীয় মুসমান ভাইয়ের জন্য তার অনুপস্থিতে দোয়া;এ সকল দোয়াগুলির মধ্যে সবচেয়ে দ্রুত কবুল হওয়ার দোয়া হল,মুসলমান বান্দার স্বীয় মুসলমান ভাইয়ের জন্য কৃত দোয়া;-

উক্ত হাদীস ইমাম বায়হাক্বী আলাইহির্ রাহ্মা 'শ'বুল ইমান এর মধ্যে বর্ণনা করেছেন✪

হাদীস শরীফ-১১

হযরত সাইয়্যেদুনা সানাবিহী আলাইহির রাহ্মা থেকে বর্ণিত, তিনি হযরত সাইয়্যেদুনা আবুবাকার সিদ্দিক রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছেন,✪

﴿إِنَّ دَعْوَةَ الْأَخِ فِي اللهِ تُسْتَجَابُ﴾

অনুবাদঃ-আল্লাহ্ তায়ালার 'রেজামন্দীর জন্য'সৃষ্ট ভাইয়ের দোয়া কবুল হয়ে থাকে।

✪

الحديث فى مشكاة المصابيح للبغوى برقم (٢٢٦٠) ، وفى جمع الجوامع للسيوطى برقم (١٣٦٦٧) ، وعزاه إلى الحاكم فى تاريخه ، والبيهقى فى الشعب عن ابن عباس .

وأورده السيوطى فى الصغير برقم (٣٩٧٠) ، وعزاه للبيهقى فى الشعب عن ابن عباس . والحديث موضوع . انظر :

ضعيف الجامع (٣/ ١٢٥) .

فى إسناده زيد العمى ، هو زيد بن الحوارى ، كنيته أبو الحوارى يروى عن أنس ومعاوية بن قرة ، روى عنه الثورى وشعبة وكان قاضيا بهراة .

قال عنه ابن حبان : لا يجوز الاحتجاج بخبره وكتابة حديثه إلا للاعتبار ، وقال يحيى بن معين لا يجوز حديث زيد العمى ، وقال مرة : ضعيف . انظر فى : الضعفاء الكبير للعقيلى (٥٢٠) ، المجروحين (١/ ٣٠٥) ، الضعفاء للدارقطنى (٣٤٢) .

(٣) أورده البخارى فى الأدب المفرد (ص/ ١٢٧) قال : حدثنا بشر بن محمد قال حدثنا عبد الله قال أخبرنا حيوة قال أخبرنى شرحبيل بن شريك المعافرى أنه سمع الصنابحى أنه سمع أبا بكر الصديق . فذكره .

উক্ত হাদীস ইমাম বুখারী আলাইহির্ রাহ্মা 'আদাবুল মুফরাদ'এ বর্ণনা করেছেন✪

হাদীস শরীফ-১২

হযরত সাইয়্যেদুনা ইমরান বিন হাসিন রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমিয়েছেন,✪✪

﴿دُعَاءُ الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ لَا يُرَدُّ﴾

অনুবাদঃ-(মুসলমান)বান্দার দোয়া স্বীয় ভাইয়ের অনুপস্থিতে কৃত দোয়া খণ্ডন করা হয় না।

উক্ত হাদীস ইমাম বায্যার আলাইহির্ রাহ্মা বর্ণনা করেছেন।

হাদীস শরীফ-১৩

হযরত সাইয়্যেদুনা আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বীয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান;

✪ أورده البخارى فى الأدب المفرد (ص/ ١٢٧) قال : حدثنا بشر بن محمد قال حدثنا عبد الله قال أخبرنا حيوة قال أخبرنى شرحبيل بن شريك المعافرى أنه سمع الصنابحى أنه سمع أبا بكر الصديق . فذكره .

✪✪ أورده الهيثمى فى مجمع الزوائد ، وقال : رواه البزار (١٠/ ١٥٢) ، وصاحب كشف الخفاء (١/ ٤٨٨) .

والحديث صحيح . انظر :

صحيح الجامع (٣/ ١٤٤) ، السلسلة الصحيحة (١٣٣٩) للشيخ الألبانى

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাক্বাফী মোঃ-+919832925240

﴿إِذَا أَحْرَمَ أَحَدُكُمْ فَلْيُؤَمِّنْ عَلَى دُعَائِهِ إِذَا قَالَ اَللّٰهُمَّ اغْفِرْلِيْ فَلْيَقُلْ آمِيْنَ وَلَا يَلْعَنْ بَهِيْمَةً وَّلَا إِنْسَانًا فَإِنَّ دُعَاءَهُ مُسْتَجَابٌ وَمَنْ عَمَّ بِدُعَائِهِ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ اسْتُجِيْبَ لَهُ﴾

অনুবাদঃ-যখন তোমাদের মধ্যে কোন ব্যক্তি (হজ্ব বা উমরাহর জন্য) ইহরাম বাঁধবে,তখন নিজের দোয়াতে **'আমিন'**বলবে; যখনই বলবে হে আল্লাহ! আমার মাগফেরাত করো,তখন তার উচিৎ যে,স্বীয় দোয়াতে যেন আমিন বলতে থাকে। আর কোন পশু ও মানুষের যেন লানাত না করে, কারণ তার দোয়া কবুল হয়ে থাকে। আর যে বান্দা স্বীয় দোয়ার মধ্যে সকল মুমিন মুমিনাতকে শামিল করে নেয়,তাহলে ঐ ব্যক্তিরও দোয়া কবুল হয়ে থাকে।

উক্ত হাদীস ইমাম দায়লামী আলাইহির রাহ্‌মা বর্ণনা করেছেন।✪

হাদীস শরীফ-১৪

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু হতে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান,

✪ أورده السيوطى فى جمع الجوامع (١/ ٣٤) وعزاه إلى الديلمى فى مسند الفردوس . وأورده المتقى الهندى فى كنز العمال برقم (١١٩١٦) .
والحديث ضعيف جدا انظر :
تذكرة الموضوعات (٧٣) ، وتنزيه الشريعة (٢/ ١٧٤) ، الفوائد المجموعة (١٠٩) وقال : قال فى الذيل فيه كذاب ومجروحان .

﴿اَلْحُجَّاجُ وَالْعُمَّارُ وَفْدُ اللهِ إِنْ دَعَوْهُ أَجَابَهُمْ وَإِنِ اسْتَغْفَرُوْهُ غَفَرَ لَهُمْ﴾

অনুবাদঃ-হজ্জ বা উমরা পালনকারী আল্লাহ তায়ালার মেহমান,যদি সে তার (আল্লাহ জাল্লা জালালুহু)এর নিকট দোয়া চায়,তাহলে তিনি কবুল করেন,আর যদি সে মাগফেরাত চায়,তাহলে তাকে মাগফেরাত করে দেওয়া হয়।

উক্ত হাদীস ইমাম ইবনে মাজা আলাইহির রাহ্‌মা হতে বর্ণিত।✪

হাদীস শরীফ-১৫

হযরত সাইয়্যেদুনা ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ ফরমিয়েছেন,✪

﴿اَلْغَازِيْ فِيْ سَبِيْلِ اللهِ وَالْحَاجُّ وَالْمُعْتَمِرُ وَفْدُ اللهِ دَعَاهُمْ فَأَجَابُوْهُ وَسَأَلُوْهُ فَأَعْطَاهُمْ﴾

অনুবাদঃ- আল্লাহর রাস্তায় জেহাদকারী,হজ্ব ও ওমরা সম্পন্নকারী আল্লা জাল্লা জালা লুহুর মেহমান,আল্লাহ্ তায়ালা তাদের আহ্বান করেন এবং তারা হাজির হয়ে থাকেন,আর যদি এরা কোন বিষয়ে চেয়ে থাকেন। তাহলে তিনি তাদের প্রদান করে থাকেন।

✪ أخرجه ابن ماجه (٢٨٩٢) فى المناسك : باب فضل دعاء الحاج . إسناده ضعيف فيه صالح بن عبد الله ، قال البخاري فيه منكر الحديث ، [الضعفاء الصغير (١٦٧)] . وقد ضعف الحديث الشيخ الألبانى فى ضعيف الجامع (٣/ ١٠٥) ، وتخريج المشكاة برقم (٢٥٣٦) وأورده السيوطى فى جمع الجوامع بلفظ « الحجاج والعمار وفد الله عز وجل يعطيهم ما سألوا ، ويستجيب لهم ما دعوا ، ويخلف عليهم ما أنفقوا ، الدرهم ألف ألف » وعزاه للبيهقى فى الشعب عن أنس وضعفه . جمع الجوامع برقم (١٠٤١٥) ورواه البزار عن جابر بلفظ « الحجاج والعمار وفد الله ، دعاهم فأجابوه ، وسألوه فأعطاهم » .
حسنه الشيخ الألبانى فى السلسلة الصحيحة برقم (١٨٣١) وصحيح الجامع (٣/ ٩٧) .

মুফতী মুহাম্মদ আলা হযরতীন সাহেবের সমস্ত বই
www.yanabi.in এ পাবেন।

উক্ত হাদীস ইমাম ইবনে মাজা আলাইহির্ রাহ্মা হতে বর্ণিত এরূপ হযরত সাইয়্যেদুনা জাবির রাদ্বীয়াল্লাহু আনহুরও রাওয়ায়েত আছে যা ইমাম বায্যার আলাইহির্ রাহ্মা বর্ণনা করেছেন।✪

হাদীস শরীফ-১৬

হযরত সাইয়্যেদুনা আবু হুরায়রাহ রাদ্বীয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমিয়েছেন,✪✪

﴿ثَلٰثٌ حَقٌّ عَلَى اللّٰهِ لَا يَرُدُّ لَهُمْ دَعْوَةً الصَّائِمُ حَتّٰى يُفْطِرَ وَالْمَظْلُوْمُ حَتّٰى يَنْتَصِرَ وَالْمُسَافِرُ حَتّٰى يَرْجِعَ﴾

অনুবাদঃ- তিন ব্যক্তির হক্ব হল যে,আল্লাহ্ তায়ালা তাদের দোয়া রদ করেন না;
(১) রোযাদার এমতাবস্থায় যে, সে ইফতার করে।
(২) মাজলুম এপর্যন্ত যে সে বদলা পেয়ে যায়;
(৩) মুসাফির এপর্যন্ত যে সে গন্তব্যে ফিরে আসে।

উক্ত হাদীস ইমাম বায্যার আলাইহির্ রাহ্মা বর্ণনা করেছেন।

✪ (٤) أخرجه ابن ماجه فى المناسك : باب فضل دعاء الحاج برقم (٢٨٩٣) والحديث صحيح . انظر : الأحاديث الصحيحة برقم (١٨٢٠) ، صحيح الجامع (٤/ ٧٤) .

✪✪ (٢) أورده السيوطي فى الجامع الصغير ، وعزاه للبزار .
ضعفه الشيخ الألباني – حفظه الله – ، انظر : ضعيف الجامع (٣ / ٥٠) .

হাদীস শরীফ-১৭

হযরত সাইয়্যেদুনা ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,✪

﴿لِلصَّائِمِ عِنْدَ فِطْرِهٖ دَعْوَةٌ مُسْتَجَابَةٌ﴾

অনুবাদঃ-ইফতারের সময় রোযা দারের দোয়া কবুল হয়।

উক্ত হাদীস ইমাম নেসাই আলাইহির্ রাহমা বর্ণনা করেছেন।

হাদীস শরীফ-১৮

হযরত সাইয়্যেদুনা ইবনে ওমার রাদ্বীয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, হুযুর নবীয়ে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,✪✪

✪ لم أجده فى سنن النسائى ، فربما كان فى عمل اليوم والليلة له أو السنن الكبرى . وأخرجه ابن ماجه (١٧٥٣) فى الصيام : باب فى (الصائم لا ترد دعوته) ؛ والحاكم فى مستدركه (١/ ٤٢٢) من حديث عبد الله بن عمرو ، ولفظه : « إن للصائم عند فطره لدعوة ما ترد » .
ضعفه الشيخ الألبانى – حفظه الله – فى ضعيف الجامع (١٩٦٣) ، إرواء الغليل (٩٠٣) .
وأورده السيوطى فى الجامع الصغير بلفظ : « للصائم عند إفطاره دعوة مستجابة » وعزاه للطيالسى ، والبيهقى فى شعب الإيمان ، وضعفه الشيخ الألبانى كذلك . انظر : ضعيف الجامع (٤٧٥٠) ، إرواء الغليل (٨٩٣) .

✪✪ أخرجه ابن ماجه (١٤٤١) فى الجنائز : باب ما جاء فى عيادة المريض . إسناده منقطع ، لأن ميمون بن مهران الراوى عن عمر لم يسمع من عمر . وأورده ابن السنى فى عمل اليوم والليلة برقم (٥٥١) ، والبغوى فى مشكاة المصابيح برقم (١٥٨٨) . قال الشيخ الألبانى ضعيف جدا ، انظر :
ضعيف الجامع برقم (٥٨٦) ، تخريج مشكاة المصابيح (١٥٨٨) .
قال الحافظ : فى سند ميمون علة خفية تمنع من الحكم بصحته وحسنه ، وذلك أن ابن ماجه أخرجه عن جعفر ابن مسافر وهو شيخ وسط ، وشيخه فيه كثير بن هشام ثقة من رجال مسلم ، وهو يروى عن جعفر وهو من رجال مسلم أيضا ، لكنه مختلف فيه ، الراجح أنه ضعيف فى الزهرى خاصة ، وهذا من حديثه عن غير الزهرى . وأخرجه ابن السنى من طريق الحسن بن عرفة وهو أقوى من جعفر بن مسافر عن كثير بن هشام فأدخل بين كثير وجعفر بن برقان عيسى بن إبراهيم الهاشمى ، وهو ضعيف جدا نسبوه إلى الوضع . فهذه علة قادحة تمنع من الحكم بصحته لو كان متصلا ، وكذا بحسنه . انتهى انظر التهذيب (٢ /٢٠٧) .
وأورد هذا الحديث ابن الجوزى فى العلل المتناهية برقم (١٤٥٥) من حديث عمر وأبى أمامة ثم قال : هذان حديثان لا يصحان ، أما حديث عمر فقال الحاكم : عيسى بن إبراهيم واهى الحديث . وقال ابن حبان : يروى المناكير عن جعفر بن برقان ، لا يجوز الاحتجاج به إذا انفرد ، وأما حديث أبى أمامة فقال ابن عدى وابن حبان : الحسين بن علوان يضع الحديث .

বই কম্পোজ এবং PDF তৈরী করার জন্য যোগাযোগ করুন
এম-এস-সাকুরী মোঃ-+919832925240

﴿إِذَا دَخَلْتَ عَلَى مَرِيْضٍ فَمُرْهُ يَدْعُوْ لَكَ فَإِنَّ دُعَاءَهُ كَدُعَاءِ الْمَلَائِكَةِ﴾

অনুবাদঃ-যখন তুমি কোন ব্যক্তির নিকট (শ্রশ্রুসার উদ্দেশ্যে) যাও,তখন তার নিকট দোয়ার দরখাস্ত করো; কারণ অসুস্থের দোওয়া ফারিশ্তাদের দোয়ার ন্যায়।

উক্ত হাদীস ইমাম ইবনে মাজা আলাইহির রাহ্মা হতে বর্ণিত।

হাদীস শরীফ-১৯

হযরত সাইয়্যেদুনা আবু দারদা রাদ্বীয়াল্লাহু আনহু ফরমিয়েছেন,✪

﴿اِغْتَنِمُوْا دَعْوَةَ الْمُؤْمِنِ الْمُبْتَلٰى﴾

অনুবাদঃ-সমস্যায় জর্জরিত ব্যক্তির দোয়াকে গণিমত (প্রিয়) জানবে।(অর্থাৎ কোন অসুস্থ ও সমস্যায় জর্জরিত ব্যক্তির দোয়াকে গণিমত জানবে এদের দোয়া কবুল হয়ে থাকে)

উক্ত হাদীস ইমাম সাঈদ বিন মানসুর আলাইহির রাহ্মা স্বীয়'সুনানে'বর্ণনা করেছেন।

হাদীস শরীফ-২০

হযরত সাইয়্যেদুনা সালমান রাদ্বীয়াল্লাহু আনহু বর্ণনা করেন,

﴿إِنَّ مُبْتَلًى تُسْتَجَابُ دَعْوَتُهُ﴾

দোয়া কিভাবে কবুল হয়?

অনুবাদঃ-সমস্যা জর্জরিত ব্যক্তির দোয়া কবুল হয়ে থাকে।

উক্ত হাদীস ইমাম দায়লামী আলাইহির্ রাহ্মা বর্ণনা করেছেন।

হাদীস শরীফ-২১

